দৈনিক আমাদের সময়

তারিখ 16 SEP 2017

পৃষ্ঠা ২ কলাম ৫

# ঢাবি 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে 'গ' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হয়েছে। এতে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি বলে দাবি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও 'গ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তারা বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

'গ' ইউনিটে ১ হাজার ২৫০টি আসনের বিপরীতে মোট ২৯ হাজার ৩১১ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৫৩টি কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নেন।